

লেকচার শীট-১

শ্রেণি:পঞ্চম

বিষয়:বাংলা

অধ্যায়: ফুটবল খেলোয়াড়
জসীম উদ্দীন

তারিখ:১০/১০/২০

কবিতাটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- ফুটবল খেলার বিভিন্ন কৌশল জানা
- ফুটবল খেলার উত্তেজনা সম্পর্কে বর্ণনা
- একজন ফুটবল খেলোয়াড়ের জীবনযাপনের গুরুত্ব
- সাফল্যের পেছনে দৃঢ় প্রতিজ্ঞা ও অনুশীলনের গুরুত্ব

কবিতাটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

এ কবিতায় ইমদাদ হক নামের এক ফুটবল খেলোয়াড়ের ফুটবলের প্রতি ভালোবাসা দৃষ্টান্ত তুলে ধরা হয়েছে । কবির সাথে তিনি একই মেসে থাকেন । প্রতিদিন ফুটবল খেলে সন্ধ্যায় সারা শরীতে আঘাত নিয়ে ফেরেন । সারারাত তাঁর যন্ত্রণা আর চিৎকারে সকলের ঘুম হারাম হয়ে যায় । কিন্তু বিকেল হলেই ইমদাদ হক আবার ফুটবল মাঠে হাজির হন । নিজের ভালোলাগা কাজের প্রতি তাঁর নিষ্ঠার কথন বলা হয়েছে এ কবিতায় ।

কবিতাটির প্রথম ১৪ লাইন পড়বে :

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

ক্ষত=আঘাত পাওয়া স্থান

পটি=কাপড়ের লম্বা টুকরা । এটা দিয়ে শরীরের কোনো স্থান বাঁধা থাকে

মালিশ=যে ওষুধ বা মলম চেপে-চেপে শরীতে লাগাতে হয়

লবেজান=হয়রান

কভু=কখনো

সেঁক=ব্যথায় লাগানো উত্তাপ

***পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :**

১. ইমদাদ হক কী খেলোয়াড়?
২. মেসের চাকর কেন হয়রান হয়?
৩. ফুটবল খেলে কে পঙ্গু হয়?
৪. বাতাসের আগে বলে কোথায় ছুঁড়িয়া যায়?
৫. ইমদাদ হক সন্ধ্যা বেলায় খেলার মাঠে কী করে?

কবিতার মূলভাব পড়বে:

যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

ক্য, খ্য, ন্য, স্ম,

সাহানা পারভীন সুমি